

২০২৬

বাংলা — সাম্মানিক

পত্র : DSCC-5

(প্রাগাধুনিক বাংলা সাহিত্য - ১)

পূর্ণমান - ৭৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) মাথুর বলতে কী বোঝো? প্রবাস ও মাথুরের মধ্যে পার্থক্য কোথায়? মাথুর রসপর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? পাঠ্য পদ
অবলম্বনে মাথুর পর্যায়ে তাঁর কবিপ্রতিভার পরিচয় দাও। ২+২+১+১০

অথবা

- (খ) বৈষ্ণব পদাবলীর অন্তর্গত আক্ষেপানুরাগ ও প্রেমবৈচিত্র্য রসপর্যায় দুটির সংজ্ঞা উল্লেখ করে উভয়ের পার্থক্য বুঝিয়ে দাও।
আক্ষেপানুরাগের পাঠ্য পদ অবলম্বনে এই রসপর্যায়ের কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ২+২+৪+৭

- ২। (ক) মুরারি শীল ও ভাঁড়ু দত্ত চরিত্র দুটি নির্মাণে কবিকঙ্কণের দক্ষতা পর্যালোচনা করো। ১৫

অথবা

- (খ) কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তীকে ‘দুঃখবাদী’ কবি বলা যায় কিনা আলোচনা করো। ১৫

- ৩। (ক) শাক্তপদাবলীর ‘আগমনী-বিজয়া’-র পদে তৎকালীন সামাজিক-পারিবারিক জীবনের প্রতিফলন সুস্পষ্ট।— আলোচনা
করো। ১৫

অথবা

- (খ) ‘ভক্তের আকুতি’ বিষয়ক পদে রামপ্রসাদ সেনের কৃতিত্বের পরিচয় দাও। ১৫

- ৪। (ক) “অভিনব হেম কল্পতরু সঞ্চর

সুরধুনী-তীরে উজোর।।”

- উদ্ধৃত অংশটির পদকর্তা কে? মূল পদটি কোন রসপর্যায়ের অন্তর্গত? অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩

অথবা

- (খ) “দূতর পঙ্খ-গমন ধনি সাধয়ে

মন্দিরে যামিনী জাগি।।”

- কোন রসপর্যায়ের পদ? পদকর্তা কে? ‘পঙ্খ-গমন’ সাধনার সংক্ষিপ্ত বিবরণ দাও। ১+১+৩

Please Turn Over

(6711)

৫। (ক) “রন্ধন করিতে ভাল বলিলে গৌসাই।

প্রথমে যা দিব পাত্রে তাই ঘরে নাই।।”

কে, কাকে একথা বলেছে? একথা বলার কারণ কী?

১+১+৩

অথবা

(খ) “একটি অঙ্গুরী নিলে হবে কোন কাম।

সারিতে নারিবে প্রভু ধনের দুর্নাম।।”

কে, কাকে একথা বলেছে? প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা করো।

১+১+৩

৬। (ক) “অবলা অল্পমতি, না জানি কার্যের গতি,

যাব, কিছু না কহিব দেব দিগম্বরে।”

বক্তা কে? এখানে ‘অবলা অল্পমতি’ কে? উক্তিটির তাৎপর্য লেখো।

১+১+৩

অথবা

(খ) “এক আসামি ছয়টা প্যাঁদা বল মা কিসে সামাই করি।

আমার ইচ্ছা করে ওই ছয়টারে বিষ খাওয়াইয়া প্রাণে মারি।।”

পদকর্তা কে? কোন্ পর্যায়ের পদ? পঙ্ক্তি দুটির তাৎপর্য বিশ্লেষণ করো।

১+১+৩

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) ‘অভিনব জয়দেব’ কাকে বলা হয়?

(খ) গোবিন্দদাস কোন্ শতাব্দীর কবি?

(গ) ‘রূপ লাগি আঁখি বুঝে গুণে মন ভোর’— কোন্ পর্যায়ের পদ?

(ঘ) ‘আধ জনম হাম নিন্দে গোঙায়লু’— ‘গোঙায়লু’ শব্দের অর্থ কী?

(ঙ) ‘পূর্বরাগ’ রসপর্যায়ের শ্রেষ্ঠ কবি কে?

(চ) কবিকঙ্কণের সাত পুরুষের নিবাস কোথায় ছিল?

(ছ) কালকেতুর পিতার নাম কী?

(জ) বুলান মণ্ডল কে?

(ঝ) জয়দত্তের নাতি কে?

(ঞ) ‘নেউগী চৌধুরী নই না করি তালুক’— কার উক্তি?

(ট) কমলাকান্ত কোন শতাব্দীর কবি?

(ঠ) কোন্ কবি ‘কবিরঞ্জন’ উপাধি লাভ করেন?

(ড) কমলাকান্ত ভট্টাচার্য কোন্ পর্যায়ের পদ রচনায় শ্রেষ্ঠত্বের পরিচয় দেন?

(ঢ) মেনকা কাকে ‘খলের প্রধান’ বলেছেন?

(ণ) ‘আমায় দেও মা তবিলদারী’— ‘তবিলদারী’ শব্দটির অর্থ কী?